দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

FEB. 20 2002

### ঢাবি'র সিদ্ধান্ত

## শহীদ মিনারে কোন ছবি টানানো যাবেনা

প্রেস বিজ্ঞপ্তি ঃ অমর একুশের ভাবগাম্ভীর্যের প্রতি সম্মান প্রদর্শনের জন্য এ বছরও কেন্দ্রীয় শহীদ মিনারে কোন ছবি টানানো যাবে না। একুশে ফেব্রুয়ারীর সুবর্ণ জয়ন্তী ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে গঠিত কেন্দ্রীয় সমন্বয় কমিটির এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। সভায় আজ সন্ধ্যা ৭টা থেকে কেন্দ্রীয় শহীদ মিনার ও পার্শ্ববর্তী এলাকায় (দোয়েল চত্বর, পলাশী মোড়, চাঁনখাঁর পুল ও টিএসসি) কোন সভা-সামবেশ ও মিছিল না করার জন্য সকলের প্রতি অনুরোধ জানানো হয়। এছাড়া বিশ্ববিদ্যালয় এলাকার দেয়ালসমূহে কোন ছবি, পোস্টার বা ব্যানার না লাগানোর জন্য সভায় আহবান জানানো হয়।